দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

07 MAR 1989
তারিখ ...
পৃষ্ঠা ... 12 কলাম 2 ...

05

# শিক্ষিত ও দক্ষ জনশক্তি জাতি গঠনের প্রাথমিক সম্পদ

## বেগম রওশন এরশাদ

বেগম রওশন এরশাদ গতকাল (সোমবার) ঢাকায় বলেন যে, জাতীয় উন্নয়ন শিক্ষা বিস্তারের উপর অনেকটা নির্ভরশীল। শিক্ষাই জাতির মেরুদণ্ড। যখন সমগ্র জনগোষ্ঠী শিক্ষিত হইবে কেবল তখনই জাতির প্রকৃত অগ্রগতি অর্জিত হইবে। তিনি বলেন, সকলের জন্য শিক্ষা সহজলভ্য করিতে হইবে।

( ১১শ পৃঃ দ্রঃ )

## বেগম রওশন এরশাদ

(১ম পৃঃ পর)

ফার্স্ট লেডী গতকাল (সোমবার) জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজে এক বিরাট ছাত্র সমাবেশে বক্তৃতা করিতেছিলেন। তিনি বলেন, শিক্ষাঙ্গনে অবশ্যই শিক্ষার পরিবেশ নিশ্চিত করিতে হইবে। তিনি শিক্ষক ও ছাত্রদের দায়িত্বের কথা স্মরণ করাইয়া দিয়া বলেন, তাহাদের সম্মিলিত প্রয়াস ছাড়া সঠিক শিক্ষা অর্জন সম্ভব নয়। বেগম রওশন এরশাদ বলেন, শিক্ষিত ও দক্ষ জনশক্তি জাতিগঠন তৎপরতার প্রাথমিক সম্পদ। যোগ্য নাগরিক গড়িয়া তোলার জন্য যে কোন মূল্যে শিক্ষার মান উন্নয়ন করিতে হইবে। তিনি বন্যার সময় ছাত্রদের অবদানের কথা স্মরণ করিয়া তাহাদের নিরলস সেবার জন্য অভিনন্দন জানান। তিনি যুব সমাজের মধ্যে মূল্যবোধের অবক্ষয় প্রসংগে বলেন যে, যুবকরা মাদকাশক্তির দিকে ঝুঁকিতেছে। সকলের সম্মিলিত প্রচেষ্টায় তাহাদের অবশ্যই সঠিক পথে আনিতে হইবে।

বেগম রওশন এরশাদ আমাদের সীমাবদ্ধতা সত্ত্বেও যুব সমাজের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি অভিভাবকদের মুখ উজ্জ্বল করার জন্য ছাত্রদের সাফল্য কামনা করেন। অনুষ্ঠানে ঢাকা পৌর কর্পোরেশনের প্রশাসক এমএ মালেক এমপি, কলেজের অধ্যক্ষ সৈয়দ মাহতাবউদ্দিন এবং কলেজ সংসদের ভিপি ও জিএস যথাক্রমে আলমগীর শিকদার লোটন ও জাহাঙ্গীর শিকদার ছোটন বক্তৃতা দেন। পূর্বাহ্নে তিনি কলেজ প্রাঙ্গণে পৌঁছিলে তাহাকে বিপুলভাবে অভ্যর্থনা জানানো হয়। পরে ফার্স্ট লেডী দুইটি বাসের চাবী কলেজ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করেন। ইতিপূর্বে তিনি ছাত্রদের ব্যবহারের জন্য দুইটি বাস দেওয়ার প্রতিশ্রুতি দিয়াছিলেন।